



BANGLADESH BOTANICAL SOCIETY

Department of Botany, University of Dhaka, Dhaka-1000, Bangladesh

Website: www.bdbotsociety.org, Email: bdbotsoc@gmail.com

President

Prof. Dr. Md. Azizur Rahman

Cell : 01819610095

Email: drazizurrahman44@gmail.com

Secretary General

Prof. Dr. Mohammad Zashim Uddin

Cell : 01712770004

Email: zashim01@gmail.com

তারিখ : ২৭ জুন, ২০২৪

সম্মানিত সদস্য


বাংলাদেশ বোটানিক্যাল সোসাইটি (বিবিএস)


প্রিয় মহোদয়,

আপনাদের অবগতির জন্য জানাচ্ছি যে, বিবিএস এর কার্যকরী কমিটির (২০২৪-২০২৬) নির্বাচন গঠনতন্ত্র ও নির্বাহী কমিটি কর্তৃক প্রদত্ত নীতিমালা অনুযায়ী যথাসময়ে অনুষ্ঠিত হয়েছে। নির্বাচন কমিশনার কর্তৃক নির্বাচনের ফলাফল সোসাইটির website (www.bdbotsociety.org) সহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত হয়েছে এবং প্রাক্তন কমিটির (২০২১-২০২৩) বার্ষিক সাধারণ সভায় (১১ মে, ২০২৪) তা অনুমোদিত হয়েছে। বর্তমান কমিটি (২০২৪-২০২৬) গত ১১ মে, ২০২৪ তারিখে তার কার্যভার গ্রহণ করে এবং সোসাইটির সকল প্রকার কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে সম্পূর্ণ করে যাচ্ছে।

সাম্প্রতিক কালে বাংলাদেশ বোটানিক্যাল সোসাইটির নামের পরে কয়েকটি শব্দ যোগ করে এবং বাংলাদেশ বোটানিক্যাল সোসাইটির লগো (১৯৭২ সনে প্রতিষ্ঠিত) ব্যবহার করে নতুন সংগঠনের ব্যানারে কতিপয় ব্যক্তি তাদের ব্যক্তিগত কর্মকান্ড চালিয়ে যাচ্ছেন যা সংগঠনের গঠনতন্ত্র বিরোধী। আমরা বাংলাদেশ বোটানিক্যাল সোসাইটির নির্বাচিত কার্যকরী কমিটি (২০২৪-২০২৬) দ্ব্যর্থহীন ভাষায় বলতে চাই উক্ত সংগঠনের সাথে বাংলাদেশ বোটানিক্যাল সোসাইটির কোন সংশ্লিষ্টতা নেই। তাই বাংলাদেশ বোটানিক্যাল সোসাইটির নাম ও লগো ব্যবহার করে সংগঠন বিরোধী কর্মকান্ড থেকে বিরত থাকার আহবান জানাচ্ছি।

ধন্যবাদান্তে,


(অধ্যাপক ড. মোঃ আজিজুর রহমান)
সভাপতি
বাংলাদেশ বোটানিক্যাল সোসাইটি


(অধ্যাপক ড. মোহাম্মদ জসীম উদ্দিন)
মহাসচিব
বাংলাদেশ বোটানিক্যাল সোসাইটি